গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

এপ্রিল/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৭/০৪/২০২৩, দুপুর ১২.৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় মার্চ/২০২৩ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)**: মার্চ/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি)**: উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অনুমোদিত প্রাক্কলনে (প্রাক্কলিত মূল্য ১৯,৯৫,০০০/- যা ৫% নিম্নদরে ১৮,৯৫,২৫০/- টাকায় সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে চুক্তি করা হয়) 'উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম ভবন মেরামত ও রং এর কাজ শুরুর পূর্বে ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান অফিস কক্ষের আংশিক কাজ ইতোমধ্যে করানো হয়েছে। অডিটরিয়ামের মঞ্চে টাইলস করা হলে মঞ্চ নাটক, নৃত্যানুষ্ঠান ইত্যাদি মঞ্চায়নে অসুবিধা হতে পারে বিধায় টাইলস না করে লাল গালিচা ক্রয়ের প্রস্তাব করেন। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় এবং ইতোমধ্যে প্রাক্কলনে উল্লেখিত যে সকল কাজ করা হয়েছে সে কাজগুলোর ক্ষেত্রে দ্বৈততা পরিহারের জন্য অনুমোদিত প্রাক্কলন সংশোধন করে সভায় উপস্থাপন করা হয় যার সংশোধিত প্রাক্কলিত মূল্য ১৮,৯৫,২৫০.০০ টাকা যা চুক্তিমূল্যের সমান । সংশোধিত প্রাক্কলনটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। সংশোধিত ১৮,৯৫,২৫০.০০ টাকার প্রাক্কলনটি (যা চুক্তিমূল্যের সমান) সর্বসম্মত সিদ্ধান্তে অনুমোদন করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় দক্ষিণ সুরমা উপজেলা প্রশাসনিক ভবনের সকল ওয়াশ ব্লক রক্ষণাবেক্ষণ কাজের ৪,৬৯,১৯৯.৯৪ টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। এ ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত-২: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য রিকোয়েষ্ট ফর কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) বিগত অক্টোবর/২০২২ ইং মাসের কৃষি বিভাগের ০৬নং প্রস্তাব ও সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ১,০০,০০০.০০ লক্ষ টাকার সরিষার বীজ বা তৈল জাতীয় বীজ ক্রয় করে উপজেলার পতিত জমির মালিক/চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণ এবং শ্রেষ্ঠ/সফল চাষীকে ৫০০০.০০ হাজার টাকা পুরস্কার প্রদান বাবদ মোট=১,০৫,০০০.০০ টাকা উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) বিগত ফেব্রুয়ারি/২০২৩ ইং মাসের কৃষি বিভাগের

০৬ নং প্রস্তাব ও সিদ্ধান্ত অনুযায়ী উপজেলার কৃষকদের মধ্যে বিনামূল্যে আউস ধানের বীজ বিতরণের জন্য ২,০০,০০০/- টাকার প্রকল্প গ্রহণের জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত আংশিক সংশোধনক্রমে রাজস্ব তহবিলের পরিবর্তে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্ধৃত) হতে ব্যয় নির্বাহের বিষয়টি প্রতিস্থাপনের ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-৩: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্ধৃত) হতে সরিষার বীজ বা তৈল জাতীয় বীজ ক্রয় করে উপজেলার পতিত জমির মালিক/চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণ এবং শ্রেষ্ঠ/সফল চাষীকে পুরস্কার প্রদান বাবদ মোট=১,০৫,০০০/- টাকা এবং উপজেলার কৃষকদের মধ্যে বিনামূল্যে আউস ধানের বীজ বিতরণের জন্য ২,০০,০০০/- টাকা ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: উপজেলা প্রকৌশলী সভায় এডিপি/২২-২৩ইং অর্থ বছরের ০৭(সাত)টি প্যাকেজের ই- টেন্ডার নোটিশ পত্রিকায় প্রকাশিত হওয়ার বিল বাবদ =২৫,৫৯৪.০০ টাকার বিল উপস্থাপন করেন।

| বিলনং | পত্রিকার নাম | দাখিলকৃত বিল ভ্যাটসহ | ভ্যাট-১৫% | আয়কর-৪% | সার্ভিসচার্জ-২% | মোট |
|---|---|---|---|---|---|---|
| ০৭৭১/২০২৩ইং | দৈনিকজালালাবাদ | ১৯,৬৮৮.০০ | ২,৫৬৮.০০ | ৬৮৫.০০ | ৩৪৩.০০ | ১৯,৬৮৮.০০ |
| ০৮৫৪/২০২৩ইং (সংশোধনী বিজ্ঞপ্তি) | দৈনিকজালালাবাদ | ৫,৯০৬.০০ | ৭৭০.০০ | ২০৬.০০ | ১০৩.০০ | ৫,৯০৬.০০ |
| | | | | | সর্বমোট | ২৫,৫৯৪.০০ |

সিদ্ধান্ত-৪: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। এডিপি/২২-২৩ইং অর্থ বছরের ০৭(সাত)টি প্যাকেজের ই- টেন্ডার নোটিশ পত্রিকায় প্রকাশিত হওয়ার বিল বাবদ =২৫,৫৯৪.০০ টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৫: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,

(ক) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন ও বাংলোর পানির ট্যাংকি ০৩টি (১০০০ লিঃ ০২টি ৫০০লিঃ ০১টি) পরিস্কার করণ ও বাগানে পানি দেয়ার জন্য লাইনে ০২টি বিক ফিটিং বাবদ=৩৫৪০/- টাকা, পানির ফিল্টার, হ্যান্ডসাওয়ার ও টিস্যু হোল্ডার সংযোজন বাবদ =২,৯১৬/- টাকাসহ সর্বমোট ৬,৪৫৬/- টাকা খরচ হয়েছে।

(খ) উপজেলা পরিষদ লাইব্রেরী রুমের জন্য ০২টি এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো অফিসের জন্য ০১টি সিলিং ফ্যান ক্রয় বাবদ ১৫,০০০/- টাকা প্রয়োজন।

সিদ্ধান্ত-৫:

(ক) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন ও বাংলোর পানির ট্যাংকি ০৩টি (১০০০ লিঃ ০২টি ৫০০লিঃ ০১টি) পরিস্কার করণ ও বাগানে পানি দেয়ার জন্য লাইনে ০২টি বিক ফিটিং বাবদ=৩৫৪০/- টাকা, পানির ফিল্টার, হ্যান্ডসাওয়ার ও টিস্যু হোল্ডার সংযোজন বাবদ =২,৯১৬/- টাকাসহ সর্বমোট ৬,৪৫৬/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদ লাইব্রেরী রুমের জন্য ০২টি এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো অফিসের জন্য ০১টি সিলিং ফ্যান ক্রয় বাবদ ১৫,০০০/- টাকা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রস্তাব-৬: উপজেলা প্রকৌশলী সভায় ১৪৩০ বাংলা সনে হাটবাজার ইজারা ও ১৪৩০-১৪৩২ বাংলা সনের জন্য ২০ একর পর্যন্ত জলমহাল ইজারা বিজ্ঞপ্তির বিল সমূহ উপস্থাপন করেন:-

| বিল নং | পত্রিকার নাম | দাখিলকৃত বিল | ভ্যাট ১৫% | আয়কর ৩% | সার্ভিস চার্জ ২% | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১০৮/২৩ | দৈনিক সিলেটের ডাক | ৩০,৮১৬/- | ৪,৬২২/- | ৯২৫/- | ৬১৬/- | ৩৬,৯৭৯/- |
| ১০৭/২৩ | দৈনিক সিলেটের ডাক | ২৮,২৪৮/- | ৪,২৩৭/- | ৮৪৭/- | ৫৬৫/- | ৩৩,৮৯৭/- |
| ০৭৫৭/২০২৩ | দৈনিক জালালাবাদ | ২২,২৫৬/- | ৩,৩৩৮/- | ৬৬৮/- | ৪৪৫/- | ২৬,৭০৭/- |
| ০৭৬৩/২০২৩ | দৈনিক জালালাবাদ | ২৩,৯৬৮/- | ৩,৫৯৫/- | ৭১৯/- | ৪৭৯/- | ২৮,৭৬১/- |

সিদ্ধান্ত-৬: উপজেলা প্রকৌশলী কর্তৃক উত্থাপিত ১৪৩০ বাংলা সনের জন্য হাটবাজার ইজারা ও ১৪৩০-১৪৩২ বাংলা সনের জন্য ২০ একর পর্যন্ত জলমহাল ইজারা বিজ্ঞপ্তির পত্রিকার ৪টি বিল বাবদ সর্বমোট =১,২৬,৩৪৪/- টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৭: চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, বিআরটিএ, সিলেট সার্কেল কর্তৃক প্রাপ্ত এসেসমেন্ট ফর্ম হতে জানা যায় যে, উপজেলা পরিষদের জীপ গাড়ি নং-সিলেট-ঘ-১১-০২৪৪ এর সকল ফি বাবদ সর্বমোট=৭০,১৪৭/- টাকা বকেয়া রয়েছে। উক্ত বকেয়া বিল পরিশোধের জন্য তিনি সভায় প্রস্তাব উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত-৭: উপজেলা পরিষদের জীপ গাড়ি নং-সিলেট-ঘ-১১-০২৪৪ এর বকেয়া ফি বাবদ সর্বমোট=৭০,১৪৭/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৮: উপজেলা প্রকৌশলী সভায় জালালপুর বাজারের নিম্নবর্ণিত ১টি প্রকল্প অনুমোদনের জন্য ৩,২৬,২১৬/- টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রাক্কলিত টাকা |
|---|---|---|
| ০১ | জালালপুর বাজারের ফিস সেড বর্ধিতকরণ | ৩,২৬,২১৬/- |

সিদ্ধান্ত-৮: উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত জালালপুর বাজারের ফিস সেড বর্ধিতকরণ প্রকল্পের ৩,২৬,২১৬/- টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উক্ত প্রকল্পটি হাটবাজার ইজারা লব্দ আয়ের ১৫% খাত হতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৯: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে ব্যবহারের জন্য ২ ডজন কাপ প্লেট, ১ ডজন গ্লাস, ১ ডজন কাটা চামচ, ১ ডজন চা চামচ, ১টি ইলেকট্রিক কেটলি, উপজেলা পরিষদ সভা কক্ষের জন্য ২ ডজন কাপ প্লেট, ২ ডজন গ্লাস, ৩ ডজন কাটা চামচ, ৩ ডজন চা চামচ, ১টি ইলেকট্রিক কেটলি, ২ ডজন ডেজার টেবিল চামচ, ২ ডজন ডেজার কাটা চামচ এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জন্য ২ ডজন কাটা চামচ, ২ ডজন চা চামচ, ১ ডজন গ্লাস ক্রয় করা প্রয়োজন। এতে ২৪,৫০০/- টাকা ব্যয় হবে। তিনি ক্রোকারিজ সামগ্রী ক্রয়ের জন্য বর্ণিত ২৪,৫০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় নির্বাহের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত-৯: উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত বর্ণিত ক্রোকারিজ সামগ্রী ক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ২৪,৫০০/- টাকা ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-১০: সহকারী প্রোগামার, আইসিটি অধিদপ্তর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ইন্টারনেট লাইনটি নষ্ট হয়ে যাওয়ায় তা মেরামত করা প্রয়োজন। এতে ৯,০০০/- টাকা ব্যয় হবে মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত-১০: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ইন্টারনেট লাইন মেরামত বাবদ ৯,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-১১: উপজেলা পরিষদের মেইন গেইট, পিছনের গেইট, ২টি কলাপসেবল গেইট, উপজেলা অডিটোরিয়াম, উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য তালা ক্রয় করা প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী সভায় জানান। ৭টি তালা ক্রয় বাবদ মোট ৩,৫০০/- টাকা ব্যয় হতে পারে মর্মে উপজেলা প্রকৌশলী সভায় জানান।

সিদ্ধান্ত-১১: উপজেলা পরিষদের মেইন গেইট, পিছনের গেইট, ২টি কলাপসেবল গেইট, উপজেলা অডিটোরিয়াম, উপজেলা পরিষদ সভাকক্ষের জন্য মোট ৭টি তালা ৩,৫০০/- টাকার মদ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ রজিস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-১২: উপজেলা প্রকৌশলী সভায় ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট এর অফিস কক্ষ মেরামত বাবদ ৮৬,৪৪৯.০০ টাকার সংশোধিত প্রাক্কলন ও ফার্নিচার সরবরাহ বাবদ ২,৫৭,৫২৩/- টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত-১২: ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট এর অফিস কক্ষ মেরামত বাবদ ৮৬,৪৪৯.০০ টাকার সংশোধিত প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে নির্বাহের ও ফার্নিচার সরবরাহ বাবদ ২,৫৭,৫২৩/- টাকা আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাক্কলনটি আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** অনুপস্থিত।

০৪। **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সবাইকে ঈদের শুভেচ্ছা জানান। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে অপারেশন কার্যক্রম চলমান আছে। বিনামূল্যে হাসপাতালে ডেলিভারী সেবা দেয়া হচ্ছে। সেন্ট্রাল অক্সিজেন স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিশুদ্ধ পানির তীব্র সংকট এবং বর্জ্য ব্যবস্থাপনার জন্য বরাদ্দ অপ্রতুল। বিশুদ্ধ পানি ও বর্জ্য ব্যবস্থাপনার জন্য উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।
সিদ্ধান্ত: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিশুদ্ধ পানির তীব্র সংকট এবং বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি সরেজমিন পরিদর্শন করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দক্ষিণ সুরমা, সিলেটকে অনুরোধ জানানো হয়।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৬। **কৃষি বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৮। **মৎস্য বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৯। **শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, তাঁর দপ্তরের তিন জন কর্মকর্তার পক্ষে উপজেলা সকল বিদ্যালয় পরিদর্শন করা সম্ভব হয় না। তাই জনপ্রতিনিধিগণকে বিদ্যালয় পরিদর্শন করার জন্য তিনি বিশেষভাবে অনুরোধ করেন। তাছাড়া কোন বিদ্যালয়ে অনিয়ম পরিলক্ষিত হলে জানানোর জন্য বলেন।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১১। **সমাজসেবা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১২। **সমবায় বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিজিডি/ভিডব্লিউডি ও মাও শিশু সহায়তা কার্যক্রম চলমান আছে। তেতলী, মোল্লারগাঁও এবং দাউদপুর ইউপি হতে মাও শিশু সহায়তা কার্যক্রমের সুপারিশকৃত তালিকা পাওয়া যায় নাই বলে জানান। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান গ্রাহকগণ সরাসরি ব্যাংকে টিউবওয়েল এর ফিস জমা দিবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিগণকে অনুরোধ করেন।

১৫। পল্লী উন্নয়ন বিভাগ : অনুপস্থিত।

১৬। যুব উন্নয়ন বিভাগ : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৭। পল্লী বিদ্যুৎ বিভাগ : এজিএম, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, বিদ্যুৎ ব্যবহারে সকলকে সাশ্রয়ী হতে হবে। বকেয়া বিদ্যুৎ বিল দেয়ার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। যে কোন সমস্যায় বিদ্যুৎ বিভাগের হট লাইন নম্বরে কল দেয়ার জন্য অনুরোধ করেন।

১৮। বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

(খ) সোনালী ব্যাংকের শাখা স্থাপন সংক্রান্ত : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সোনালী ব্যাংক স্টেশন রোড শাখা, সিলেট হতে ০৬ মার্চ ২০২৩ তারিখের স্মারক নং-এসবিএল/সিল/স্টেশন/সংস্থাপন/উপশাখা/৬১ মূলে পত্র পাওয়া যায়। সোনালী ব্যাংকের ''দক্ষিণ সুরমা উপজেলা কমপ্লেক্স'' উপশাখা স্থাপনের নিমিত্তে উপজেলা কমপ্লেক্স এর মূল ফটকের উত্তর পার্শ্বে একতলা অব্যবহৃত ভবনে এক হাজার বর্গফুট স্পেস চিহ্নিত করা হয়েছে। উক্ত একতলা ভবনের ভাড়া নির্ধারণের জন্য নিম্নোক্ত তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব করেন।

১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট
২। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট এবং
৩। সাবরেজিষ্টার, দক্ষিণ সুরমা, সিলেট ।

সিদ্ধান্ত: সোনালী ব্যাংকের উপশাখা স্থাপনের নিমিত্তে ভাড়া নির্ধারণের জন্য উল্লেখিত তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত কমিটিকে ভাড়া নির্ধারণ পূর্বক আগামী মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট ; ২। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট এবং ৩। সাবরেজিষ্টার, দক্ষিণ সুরমা, সিলেট ।

সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান এবং স্ব-স্ব দপ্তরের সার্বিক কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। এডিপির কাজ দ্রুত বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২৩৫৭(৪০) তারিখঃ ২৭ এপ্রিল, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী .......................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..............................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ......................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.............................. সদস্য............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

নুসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা শিক্ষা অফিসারের, দক্ষিণ সুরমা,সিলেট<br>৯। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। এজিএম, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |